# BCS প্রিলি. লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

লেকচার ০৭

## Lecture Contents

❑ সংবিধান-২

## সংবিধান সংশোধন

সংবিধান সংশোধনের কথা বলা হয়েছে বাংলাদেশ সংবিধানের দশম ভাগের ১৪২ নং অনুচ্ছেদে। সংবিধানের সংশোধন সম্পর্কিত অনুচ্ছেদটি নিম্নরূপ:-

### অনুচ্ছেদ- ১৪২ : সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা

এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা স্বত্ত্বেও-

ক. সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হইতে পারিবে। তবে শর্ত হল যে:

(অ) অনুরূপ সংশোধনীর জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরোনামে এই সংবিধানের কোন বিধান সংশোধন করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না;

(আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোনো বিলে সম্মতি দানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না;

খ. উপযুক্ত উপায়ে কোনো বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

সংবিধানের কিছু অনুচ্ছেদ সংশোধনের অযোগ্য বলে বাংলাদেশ সংবিধানের প্রথম ভাগের ৭খ অনুচ্ছেদে উল্লেখ আছে। এই সম্পর্কিত অনুচ্ছেদটি নিম্নরূপ:-

### অনুচ্ছেদ- ৭খ : সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য

সংবিধানের ১৪২ অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগের সকল অনুচ্ছেদ, দ্বিতীয় ভাগের সকল অনুচ্ছেদ, নবম-ক ভাগে বর্ণিত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে তৃতীয় ভাগের সকল অনুচ্ছেদ এবং একাদশ ভাগের ১৫০ অনুচ্ছেদসহ সংবিধানের অন্যান্য মৌলিক কাঠামো সংক্রান্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন, রহিতকরণ কিংবা অন্য কোন পন্থায় সংশোধনের অযোগ্য হইবে।

## সংবিধানের সংশোধনীসমূহ

এই পর্যন্ত বাংলাদেশের সংবিধানের ১৭টি সংশোধনী গৃহীত হয়েছে। সংশোধনীগুলোর সার সংক্ষেপ নিম্নরূপ:

### ⇒ প্রথম সংশোধনী

১৯৭৩ সালে ১২ জুলাই সংবিধানের প্রথম সংশোধনী আনা হয় এবং তা ১৯৭৩ সালের ১৫ জুলাই পাশ হয়। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে গণহত্যা ও যুদ্ধাপরাধে লিপ্ত বন্দী পাকিস্তানী হানাদার বাহিনী ও তাদের সহযোগীদের বিচারের জন্য এই সংশোধনী করা হয়। সংশোধনীটি ২৫৪-০ ভোটে পাশ হয়।

### ⇒ দ্বিতীয় সংশোধনী

জরুরী অবস্থা ঘোষণার বিধান, নিবর্তনমূলক আটক সংক্রান্ত আইন এবং মৌলিক অধিকার পরিপন্থী আইন প্রণয়নের জন্য ১৯৭৩ সালের ১৮ সেপ্টেম্বর সংবিধানের দ্বিতীয় সংশোধনী আনা হয় এবং ২০ সেপ্টেম্বর, ১৯৭৩, তা ২৬৭-০ ভোটে পাশ হয়।

### ⇒ তৃতীয় সংশোধনী

২৩ নভেম্বর, ১৯৭৪ তৃতীয় সংশোধনীর মাধ্যমে সংবিধানের ২(ক) উপ-অনুচ্ছেদকে সংশোধন করে ভারত-বাংলাদেশ সীমানা চুক্তি কার্যকর করা হয়। এটি ২৬১-৭ ভোটে পাশ হয়।

### ⇒ চতুর্থ সংশোধনী

১৯৭৫ সালের ২৫ জানুয়ারী সংবিধানের চতুর্থ সংশোধনী আনা হয়। এই সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতি সরকার ব্যবস্থা, এক দলীয় শাসন ব্যবস্থা, বিচার বিভাগের স্বাধীনতা খর্ব করা হয়। ২৫ জানুয়ারি, ১৯৭৫ সংসদে ২৯৪-০ ভোটে পাশ হয়।

### ⇒ পঞ্চম সংশোধনী

৫ এপ্রিল, ১৯৭৯ সালে সংবিধানের পঞ্চম সংশোধনী গৃহীত হয়। ১৯৭৫ সালের ১৫ আগস্টের সামরিক অভ্যুত্থানের পর হতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সামরিক সরকারের যাবতীয় কর্মকান্ড ফরমানের ও প্রতিবিধানের বৈধতা দান এবং সংবিধানে 'বিসমিল্লাহির রহমানির রহিম' সংযোজনের নিমিত্তে এই সংশোধনী আনা হয়। ২০১০ সালের ৩ ফেব্রুয়ারি সুপ্রীম কোর্টের আপিল বিভাগ সংবিধানের পঞ্চম সংশোধনীকে অবৈধ ঘোষণা করে রায় প্রদান করে। ২৪১-০ ভোটে সংশোধনীটি পাশ হয়।

### ⇒ ষষ্ঠ সংশোধনী

০৮ জুলাই, ১৯৮১ সালে সংবিধানের ষষ্ঠ সংশোধনী পাশ হয়। এই সংশোধনীর মাধ্যমে জিয়াউর রহমানকে হত্যার পর নিয়োগকৃত উপ রাষ্ট্রপতি বিচারপতি সাত্তার কর্তৃক রাষ্ট্রপতির নির্বাচনের পদপ্রার্থীর বিষয় বৈধকরণ করা হয়। ২৫২-০ ভোটে সংশোধনীটি পাশ হয়।

### ⇒ সপ্তম সংশোধনী

১০ নভেম্বর, ১৯৮৬ সালে সংবিধানের সপ্তম সংশোধনী পাশ হয়। এই সংশোধনীর মাধ্যমে হুসেইন মোহাম্মদ এরশাদ শাসন আমলের সকল কর্মকাণ্ড বৈধকরণ করা হয়। ২০১১ সালের ১৫ মে আপিল বিভাগ সংবিধানের সপ্তম সংশোধনীকে অবৈধ ঘোষণা করে রায় দেয়।

### ⇒ অষ্টম সংশোধনী

৭ জুন, ১৯৮৮ সংবিধানের অষ্টম সংশোধনী পাশ হয়। এই সংশোধনীর মাধ্যমে ঢাকার বাইরে হাইকোর্ট বিভাগের ৬টি স্থায়ী বেঞ্চ স্থাপন এবং ইসলামকে রাষ্ট্রধর্ম ঘোষণা করা হয়। ২৫৪-০ ভোটে পাশ হয়।

### ⇒ নবম সংশোধনী

১০ জুলাই, ১৯৮৯ সার্বজনীন ভোটে একই সাথে রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি নির্বাচনের ব্যবস্থার জন্য সংবিধানের নবম সংশোধনী করা হয়। রাষ্ট্রপতি পদে কোন ব্যক্তি পরপর ২ মেয়াদের বেশি দায়িত্ব পালন করতে পারবে না। ২৭২-০ ভোটে সংশোধনীটি পাশ হয়।

### ⇒ দশম সংশোধনী

পরোক্ষ ভোটে মহিলাদের ৩০টি সংরক্ষিত আসনের ১০ বছরের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় আর ১০ বছর সংরক্ষণের জন্য ১২ জুন ১৯৯০ সংবিধানের দশম সংশোধনী করা হয়।

### ⇒ একাদশ সংশোধনী

৬ আগস্ট, ১৯৯১ সংবিধানের একাদশ সংশোধনী গৃহীত হয়। এই সংশোধনীর মাধ্যমে উপ-রাষ্ট্রপতি পদে প্রধান বিচারপতির নিয়োগ এবং অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন সত্ত্বেও পুনরায় প্রধান বিচারপতি পদে সাহাবুদ্দীনের প্রত্যাবর্তন বৈধকরণ করা হয়।

### ⇒ দ্বাদশ সংশোধনী

৬ আগস্ট, ১৯৯১ সংবিধানের দ্বাদশ সংশোধনী আনয়ন করা হয়। এই সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে পুনরায় সংসদীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। এটি ৪র্থ সংশোধনীর বিপরীত। উপরাষ্ট্রপতি পদ বিলুপ্ত করা হয়।

### ⇒ ত্রয়োদশ সংশোধনী

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার জন্য ১৯৯৬ সালে ২৬ মার্চ মধ্যরাতে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী পাশ করা হয়। ২০১১ সালের ১০ মে সুপ্রীম কোর্টের আপিল বিভাগ এ সংশোধনীকে অবৈধ ঘোষণা করে রায় প্রদান করেন।

### ⇒ চতুর্দশ সংশোধনী

মহিলা সংসদের সংরক্ষিত আসনের সংখ্যা ৩০ থেকে ৪৫ এ উন্নীতকরণ, বিচারপতিদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ থেকে ৬৭ তে বৃদ্ধিকরণ ইত্যাদি কারণে ২০০৪ সালের ১৬ মে সংবিধানের চতুর্দশ সংশোধনী পাশ করা হয়।

### ⇒ পঞ্চদশ সংশোধনী

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের বিধান সংবিধান থেকে বিলুপ্তকরণ, ৫৮ক অনুচ্ছেদ এবং ২ক পরিচ্ছেদ (৫৮খ, ৫৮গ, ৫৮ঘ এবং ৫৮ঙ অনুচ্ছেদ বিলুপ্ত) দলীয় সরকারের অধীনে মেয়াদ শেষ হবার আগের ৯০ দিনের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠান। নির্বাচনের আগের ৯০ দিন সংসদ অধিবেশন বসার বাধ্যবাধকতা না রাখা। প্রধান নির্বাচন কমিশনারসহ অনধিক চারজন নির্বাচন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির পিতার স্বীকৃতি এবং তাঁর প্রতিকৃতি সরকারি অফিসসহ নির্ধারিত প্রতিষ্ঠানে সংরক্ষণ ও প্রদর্শন। পঞ্চম, ষষ্ঠ এবং ৭ম তিনটি তফসিল সংযোজন। পঞ্চম তফসিল ১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেয়া ঐতিহাসিক ভাষণের পূর্ণ বিবরণ। ষষ্ঠ তফসিল ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতা ঘোষণার টেলিগ্রাম। ৭ম তফসিল ১৯৭১ সালের ১০ এপ্রিল মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতা ঘোষণাপত্রের পূর্ণবিবরণ। রাষ্ট্রপতি কর্তৃক ঘোষিত জরুরী অবস্থার মেয়াদকাল সর্বোচ্চ ৪ মাস। ৭২ এর সংবিধানের চারটি মূলনীতি ফিরিয়ে আনা হয় এবং প্রস্তাবনায় পরিবর্তন আনা হয়। সংবিধানের ৭(ক) অনুচ্ছেদ অনুযায়ী সংবিধান বাতিল, স্থগিতকরণ ইত্যাদি অপরাধ এবং ৭(খ) অনুযায়ী সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য; পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন ১৮(ক), উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃগোষ্ঠী সম্প্রদায়ের সংস্কৃতি ২৩(ক) যুক্ত করা হয়। মহিলা সাংসদদের সংরক্ষিত আসন সংখ্যা ৪৫ থেকে ৫০ এ উন্নীতকরণ ইত্যাদি কারণে ৩০ জুন ২০১১ সংবিধানের পঞ্চদশ সংশোধনী পাশ করা হয়।

### ⇒ ষোড়শ সংশোধনী

বিচারপতিদের অভিশংসন বা অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের উপর অর্পণ করে ১৭ সেপ্টেম্বর, ২০১৪ সালে সংবিধানের ষোড়শ সংশোধনী পাশ করা হয়। ২০১৭ সালের ৩ জুলাই সুপ্রীম কোর্টের আপিল বিভাগ সংবিধানের ষোড়শ সংশোধনীকে অবৈধ ঘোষণা করে রায় প্রদান করে। ৩২৭-০ ভোটে পাশ হয়।

### ⇒ সপ্তদশ সংশোধনী

৮ জুলাই ২০১৮ সংবিধানের সপ্তদশ সংশোধনী গৃহীত হয়। আইন বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক এ সংশোধনী জাতীয় সংসদে উত্থাপন করেন। জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি সংরক্ষিত আসন আরও ২৫ বছরের জন্য সংরক্ষণ করার জন্য এ সংশোধনী আনা হয়। ২০৪৪ সাল পর্যন্ত বহাল থাকবে। ২৯৮-০ ভোটে পাশ হয়।

## এক কথায় উত্তর

১. **প্রথম সংশোধনী গৃহীত হয় কবে?**
উত্তর: ১৫ জুলাই, ১৯৭৩।

২. **প্রথম সংশোধনীর বিষয় কী ছিলো?**
উত্তর: যুদ্ধাপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার।

৩. **দ্বিতীয় সংশোধনী গৃহীত হয় কবে?**
উত্তর: ২০ সেপ্টেম্বর, ১৯৭৩।

৪. **দ্বিতীয় সংশোধনীর বিষয় কী ছিলো?**
উত্তর: জরুরী অবস্থা ঘোষণার বিধান।

৫. **তৃতীয় সংশোধনী গৃহীত হয় কবে?**
উত্তর: ২৩ নভেম্বর, ১৯৭৪।

৬. **তৃতীয় সংশোধনীর বিষয় কী ছিলো?**
উত্তর: বাংলাদেশ ভারত সীমান্ত চুক্তি অনুমোদন এবং বেরুবাড়ীকে ভারতের নিকট হস্তান্তর।

৭. **চতুর্থ সংশোধনী গৃহীত হয় কবে?**
উত্তর: ২৫ জানুয়ারি, ১৯৭৫।

৮. **চতুর্থ সংশোধনীর বিষয় কী ছিলো?**
উত্তর: একদলীয় রাজনীতি (বাংলাদেশ কৃষক-শ্রমিক লীগ- বাকশাল) প্রবর্তন।

৯. **পঞ্চম সংশোধনী গৃহীত হয় কবে?**
উত্তর: ৫ এপ্রিল, ১৯৭৯।

১০. **পঞ্চম সংশোধনী উত্থাপন করেন কে?**
উত্তর: সংসদ নেতা শাহ আজিজুর রহমান।

১১. **পঞ্চম সংশোধনীর বিষয় কী ছিলো?**
উত্তর: সামরিক সরকারের যাবতীয় কর্মকাণ্ডের ফরমানের ও প্রতিবিধানের বৈধতা দান এবং সংবিধানে 'বিসমিল্লাহির রহমানির রহিম' সংযোজন।

১২. **কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশী জাতীয়তাবাদ প্রবর্তিত হয়?**
উত্তর: ৫ম সংশোধনী।

১৩. **ধর্ম নিরপেক্ষতার পরিবর্তে সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস প্রতিস্থাপিত কোন সংশোধনীর মাধ্যমে?**
উত্তর: ৫ম।

১৪. First Distortion of Constitution বা সংবিধানের ১ম বিকৃতি ঘটে কোন সংশোধনীর মাধ্যমে?
উত্তর: ৫ম সংশোধনী।

১৫. ষষ্ঠ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ০৮ জুলাই, ১৯৮১।

১৬. ষষ্ঠ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: উপ রাষ্ট্রপতির পদে থেকে রাষ্ট্রপতি পদে নির্বাচনের বিধান নিশ্চিতকরণ।

১৭. সপ্তম সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ১০ নভেম্বর, ১৯৮৬।

১৮. সপ্তম সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: ১৯৮২ থেকে ১৯৮৬ সাল পর্যন্ত সামরিক শাসনের সকল কর্মকাণ্ডের বৈধতা দান।

১৯. অষ্টম সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ৭ জুন, ১৯৮৮।

২০. অষ্টম সংশোধনী কে উত্থাপন করেন?
উত্তর: সংসদ নেতা ব্যারিস্টার মওদুদ আহমদ।

২১. অষ্টম সংশোধনীর বিষয় কি ছিলো?
উত্তর: রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতি দেওয়া।

২২. Dacca কে Dhaka করা হয় কোন সংশোধনীর দ্বারা?
উত্তর: ৮ম সংশোধনী।

২৩. Bengali কে Bangla করা হয় কোন সংশোধনীর মাধ্যমে?
উত্তর: ৮ম।

২৪. বিদেশী রাষ্ট্র থেকে কোন ভূষণ বা উপাধি গ্রহণে নিষেধাজ্ঞা প্রদান করা হয় কোন সংশোধনীর মাধ্যমে?
উত্তর: ৮ম।

২৫. নবম সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ১০ জুলাই, ১৯৮৯।

২৬. নবম সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: রাষ্ট্রপতির সাথে উপ-রাষ্ট্রপতির নির্বাচন অনুষ্ঠান ও রাষ্ট্রপতি পদে কোন ব্যক্তিকে একাদিক্রমে দুই মেয়াদে সীমাবদ্ধ রাখা।

২৭. দশম সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ১২ জুন, ১৯৯০।

২৮. দশম সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: সংসদে মহিলাদের জন্য ৩০টি আসন আরও ১০ বছরের জন্য সংরক্ষণ।

২৯. একাদশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ৬ আগস্ট, ১৯৯১।

৩০. একাদশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমদের স্বপদে ফিরে যাবার বিধান।

৩১. দ্বাদশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ৬ আগস্ট, ১৯৯১।

৩২. দ্বাদশ সংশোধনী উত্থাপন করেন কে?
উত্তর: সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।

৩৩. দ্বাদশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: সংসদীয় শাসন ব্যবস্থার প্রবর্তন।

৩৪. সংবিধানের ৪র্থ সংশোধনীর বিপরীত সংশোধনী কোনটি?
উত্তর: দ্বাদশ সংশোধনী।

৩৫. ত্রয়োদশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ২৬ মার্চ মধ্যরাতে, ১৯৯৬।

৩৬. ত্রয়োদশ সংশোধনী উত্থাপন করেন কে?
উত্তর: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার।

৩৭. ত্রয়োদশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন।

৩৮. চতুর্দশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ১৬ মে, ২০০৪।

৩৯. চতুর্দশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি সরকারী অফিসসহ নির্ধারিত প্রতিষ্ঠানে সংরক্ষণ ও প্রদর্শন, বিচারপতিদের অবসরের বয়সসীমা বৃদ্ধি।

৪০. সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসরের বয়সসীমা ৬৫ থেকে ৬৭ করা হয় কোন সংশোধনীর মাধ্যমে?
উত্তর: ১৪তম সংশোধনী।

৪১. পিএসসির চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের বয়সসীমা ৬২ থেকে ৬৫ করা হয় কোন সংশোধনীর মাধ্যমে?
উত্তর: ১৪তম সংশোধনী।

৪২. পঞ্চদশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ৩০ জুন, ২০১১।

৪৩. পঞ্চদশ সংশোধনী উত্থাপন করেন কে?
উত্তর: আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ।

৪৪. পঞ্চদশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল।

৪৫. ষোড়শ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ১৭ সেপ্টেম্বর, ২০১৪।

৪৬. ষোড়শ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: বিচারপতির অভিশংসন বা অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের উপর অর্পণ।

৪৭. সপ্তদশ সংশোধনী গৃহীত হয় কবে?
উত্তর: ৮ জুলাই, ২০১৮।

৪৮. সপ্তদশ সংশোধনীর বিষয় কী ছিলো?
উত্তর: জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি সংরক্ষিত আসন আরও ২৫ বছরের জন্য সংরক্ষণ করা।

৪৯. বাংলাদেশ সংবিধানের সংশোধনীগুলোর মধ্যে কয়টি সংশোধনী সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ ঘোষিত হয়?
উত্তর: (৫টি) সংশোধনীগুলো হলো- পঞ্চম, সপ্তম, অষ্টম, ত্রয়োদশ ও ষোড়শ সংশোধনী।

## Teacher's Work

১. বাংলাদেশের সংবিধানের এয়োদশ সংশোধনীর মূল বিষয় কী ছিলো? (৪১তম বিসিএস)
ক বহুদলীয় খ বাকশাল প্রতিষ্ঠা গ তত্ত্বাবধায়ক সরকার ঘ সংসদে মহিলাদের আসন — গ

২. কোন সংশোধনীকে First distortion of constitution বলে আখ্যায়িত করা হয়?
ক ৫ম সংশোধনী খ ৪র্থ সংশোধনী গ ৩য় সংশোধনী ঘ ২য় সংশোধনী — ক

৩. সংবিধানের কোন সংশোধনী দ্বারা বাংলাদেশে উপ-রাষ্ট্রপতি পদ বিলুপ্ত করা হয়?
ক ৫ম খ ১০ম গ ১২তম ঘ ১১তম — গ

## এক নজরে সংবিধানের সংশোধনীসমূহ

| সংশোধনী | সংশোধনীর বিষয়বস্তু | উত্থাপনকারী | উত্থাপনের তারিখ | গ্রহণের তারিখ | অনুমোদনের তারিখ |
|---|---|---|---|---|---|
| প্রথম সংশোধনী | যুদ্ধাপরাধীসহ অন্যান্য বিরোধীদের বিচার নিশ্চিত করা | মনোরঞ্জন ধর | ১২ জুলাই, ১৯৭৩ | ১৫ জুলাই, ১৯৭৩ | ১৭ জুলাই, ১৯৭৩ |
| দ্বিতীয় সংশোধনী | অভ্যন্তরীণ/বর্হিরাক্রমণ গোলযোগে দেশের নিরাপত্তা ও অর্থনৈতিক জীবন বিপন্ন হলে সে অবস্থায় 'জরুরি অবস্থা' ঘোষণার বিধান নিশ্চিত করা। | মনোরঞ্জন ধর | ১৮ সেপ্টে:, ১৯৭৩ | ২০ সেপ্টে: ১৯৭৩ | ২২ সেপ্টে: ১৯৭৩ |
| তৃতীয় সংশোধনী | চুক্তি অনুযায়ী বেরুবাড়িকে ভারতের নিকট হস্তান্তর | মনোরঞ্জন ধর | ২১ নভেম্ব, ১৯৭৪ | ২৩ নভেম্বর, ১৯৭৪ | ২৭ নভেম্বর, ১৯৭৪ |
| চতুর্থ সংশোধনী | সংসদীয় শাসন পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু ও বহুদলীয় রাজনীতির পরিবর্তে একদলীয় রাজনীতি প্রবর্তনের বিধান নিশ্চিত করা। | মনোরঞ্জন ধর | ২৫ জানু: ১৯৭৫ | ২৫ জানু: ১৯৭৫ | ২৫ জানু: ১৯৭৫ |
| পঞ্চম সংশোধনী | ১৯৭৫ সালের ১৫ আগস্টের সামরিক অভ্যুত্থানের পর থেকে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সামরিক শাসক জিয়াউর রহমান সরকারের যাবতীয় কর্মকাণ্ডের বৈধতা দান। | শাহ আজিজুর রহমান | ৪ এপ্রিল, ১৯৭৯ | ৫ এপ্রিল, ১৯৭৯ | ৬ এপ্রিল, ১৯৭৯ |
| ষষ্ঠ সংশোধনী | উপ-রাষ্ট্রপতির পদ থেকে রাষ্ট্রপতি পদে নির্বাচনের বিধান নিশ্চিত করা। | শাহ আজিজুর রহমান | ১ জুলাই, ১৯৮১ | ৮ জুলাই, ১৯৮১ | ৯ জুলাই, ১৯৮১ |
| সপ্তম সংশোধনী | ১৯৮২ সালের ২৪ মার্চ তারিখের ফরমান ঘোষিত সামরিক আইন বলবৎ কে এম নুরুল ইসলাম থাকাকালীন প্রণীত সকল ফরমান, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, নির্দেশ, অধ্যাদেশসহ অন্যান্য আইন অনুমোদন। | বিচারপতি এ. কে. এম. নুরুল ইসলাম | ১০ নভেম্বর, ১৯৮৬ | ১০ নভেম্বর, ১৯৮৬ | ১১ নভেম্বর, ১৯৮৬ |
| অষ্টম সংশোধনী | রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতিদান এবং ঢাকার বাইরে ৬টি জেলায় হাইকোর্টের স্থায়ী বেঞ্চ স্থাপন। | ব্যারিস্টার মওদুদ আহমেদ | ১১ মে, ১৯৮৮ | ৭ জুন, ১৯৮৮ | ৯ জুন, ১৯৮৮ |
| নবম সংশোধনী | রাষ্ট্রপতি নির্বাচনের সাথে একই সময়ে উপরাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠান করা, রাষ্ট্রপতি পদে কোনো ব্যক্তিকে পর পর দুই মেয়াদে সীমাবদ্ধ রাখা। | ব্যারিস্টার মওদুদ আহমেদ | ৬ জুলাই, ১৯৮৯ | ১০ জুলাই, ১৯৮৯ | ১১ জুলাই, ১৯৮৯ |
| দশম সংশোধনী | প্রেসিডেন্টের কার্যকালের মেয়াদ শেষ হওয়ার পূর্বে ১৮০ দিনের মধ্যে প্রেসিডেন্ট নির্বাচনের ব্যাপারে সংবিধানের বাংলা ভাষ্য সংশোধন ও সংসদে মহিলাদের ৩০টি আসন আরো ১০ বছরকালের জন্য সংরক্ষণের বিধান নিশ্চিত করা। | হাবিবুল ইসলাম | ১০ জুন, ১৯৯০ | ১২ জুন, ১৯৯০ | ২৩ জুন, ১৯৯০ |
| একাদশ সংশোধনী | অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদের স্বপদে ফিরে যাবার বিধান নিশ্চিত করা। | মীর্জা গোলাম হাফিজ | ২ জুলাই, ১৯৯১ | ৬ আগস্ট, ১৯৯১ | ১০ আগস্ট, ১৯৯১ |
| দ্বাদশ সংশোধনী | সংসদীয় পদ্ধতির সরকার প্রবর্তন | খালেদা জিয়া | ২ জুলাই, ১৯৯১ | ৬ আগস্ট, ১৯৯১ | ১৮ সেপ্টেম্বর, ১৯৯১ |
| ত্রয়োদশ সংশোধনী | অবাধ নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠনের বিধান নিশ্চিত করা। | ব্যারিস্টার জমিরউদ্দিন | ২১ মার্চ, ১৯৯৬ | ২৬ মার্চ, ১৯৯৬ | ২৮ মার্চ, ১৯৯৬ |
| চতুর্দশ সংশোধনী | ৪৫ টি নারী আসন, প্রতিকৃতি সংরক্ষণ (রাষ্ট্রপতির ও প্রধানমন্ত্রীর), অর্থ বিল, সংসদ সদস্যদের শপথ, বিচারপতিদের বয়স সীমা, পিএসসির চেয়ারম্যান ও সদস্যদের বয়স সীমা এবং সিএজির বয়স সীমা বৃদ্ধিকরণ। | ব্যারিস্টার মওদুদ আহমেদ | ২৭ মার্চ, ২০০৪ | ১৬ মে, ২০০৪ | ১৭ মে, ২০০৪ |
| পঞ্চদশ সংশোধনী | ৫ম, ৭ম ও ১৩তম সংশোধনী বাতিল এবং প্রায় ৫১টি অনুচ্ছেদ পরিবর্তন করা হয়। | ব্যারিস্টার শফিক আহমদ | ২৫ জুন ২০১১ | ৩০ জুন ২০১১ | ০৩ জুলাই, ২০১১ |
| ষোড়শ সংশোধনী | ১৯৭২ সালের মূল সংবিধানের ৯৬ অনুচ্ছেদের পুনঃস্থাপনের মাধ্যমে বিচারপতিদের অভিশংসনের ক্ষমতা সংসদকে ফিরিয়ে দেওয়া। | আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক | ৭ সেপ্টেম্বর ২০১৪ | ১৭ সেপ্টেম্বর ২০১৪ | ২২ সেপ্টেম্বর, ২০১৪ |
| সপ্তদশ সংশোধনী | জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন আরো ২৫ বছর বহাল রাখা | আনিসুল হক | ১০ এপ্রিল, ২০১৮ | ০৮ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ |

## সুপ্রিম কোর্ট কর্তৃক অবৈধ ও বাতিল ঘোষিত সংবিধানের সংশোধনীসমূহ

| সংশোধনী | রিটকারী ও তারিখ | হাইকোর্ট বিভাগের রায় | আপিল বিভাগের রায় |
|---|---|---|---|
| পঞ্চম সংশোধনী | মাকসুদুল আলম; ২০০০ সালে | অবৈধ ঘোষণা; ২৯ আগস্ট ২০০৫ | অবৈধ ঘোষণা; ২ ফেব্রুয়ারি ২০১০ |
| সপ্তম সংশোধনী | সিদ্দিক আহমেদ; জানুয়ারি, ২০১০ | অবৈধ ঘোষণা; আগস্ট, ২০১০ | অবৈধ ঘোষণা; মে, ২০১১ |
| অষ্টম সংশোধনী | সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ১৯৮৯ সালে ২ সেপ্টেম্বর সংবিধানের অষ্টম সংশোধনীর (১০০নং অনুচ্ছেদ এর) মাধ্যমে আনীত ঢাকার বাইরের হাইকোর্ট বিভাগের ৬টি বেঞ্চ অবৈধ ও বাতিল ঘোষণা করে। তবে রাষ্ট্রধর্ম ইসলামকে বলবৎ রাখা হয় এবং Dacca এর নাম Dhaka এবং Bengali এর নাম Bangla গ্রহণ করা হয়। | | |
| ত্রয়োদশ সংশোধনী | এম সলিমউল্লাহ, আবদুল মান্নান খান ও রুহুল কুদ্দুস বাবু; অক্টোবর ১৯৯৯ | বৈধ ঘোষণা; ৪ আগস্ট ২০০৪ | অবৈধ ঘোষণা; মে, ২০১১ |
| ষোড়শ সংশোধনী | সুপ্রিম কোর্টের নয় জন আইনজীবী; নভেম্বর, ২০১৪ | অবৈধ ও বাতিল ঘোষণা; মে, ২০১৬ | অবৈধ ও বাতিল ঘোষণা; ৩ জুলাই, ২০১৭ |

### ■ সংবিধানে সংখ্যা সংশ্লিষ্ট তথ্য:

| সংখ্যা | তথ্য |
|---|---|
| ১ | বাংলাদেশের সংবিধানের প্রস্তাবনা ১টি। কমিটির ১ জন সদস্য ছিলেন বিরোধী দল ন্যাপের সদস্য। তিনি হলেন সুরঞ্জিত সেনগুপ্ত। |
| ২ | বাংলাদেশের সংবিধানের ভাষা দুটি: বাংলা ও ইংরেজি। |
| ৪ | সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি। |
| ৭ | বাংলাদেশের সংবিধান সাতটি তফসিল বা Schedule-এ বিভক্ত। |
| ১১ | বাংলাদেশের সংবিধানের ভাগ ১১টি |
| ১৭ | বাংলাদেশের সংবিধানে এ পর্যন্ত মোট সংশোধনী ১৭টি |
| ৩৩ | সংবিধান প্রণয়ন কমিটির ৩৪ জন সদস্যের মধ্যে ৩৩জন ছিলেন আওয়ামী লীগ দলীয় সদস্য |
| ৩৪ | সংবিধান প্রণয়ন কমিটির সদস্য ছিল ৩৪ জন |
| ৭১ | সংবিধান প্রণয়ন কমিটি ৭১টি অধিবেশনে মিলিত হয়ে খসড়া সংবিধান প্রণয়ন করে। |
| ৭৩ | গণপরিষদে পেশকৃত খসড়া সংবিধানটি ছিল ৭৩ পৃষ্ঠাবিশিষ্ট |
| ৯৩ | হস্তলিখিত মূল সংবিধানের পাতার সংখ্যা ৯৩ |
| ১৫৩ | বাংলাদেশের সংবিধানে মোট ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে। |
| ৩০৯ | হস্তলিখিত মূল সংবিধানে গণপরিষদের ৩০৯ জন সদস্য স্বাক্ষর করেন। |
| ৪০৩ | ১৯৭০সালের নির্বাচনে জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচিত ৪৬৯ জন সদস্যের মধ্যে ৪০৩ জন সদস্য নিয়ে গণপরিষদ গঠিত হয়। |
| ৮, ৪৮, ৫৬ | সংবিধানের এ তিনটি অনুচ্ছেদ সংশোধনের জন্য গণভোটের প্রয়োজন হয়। |

### সংবিধানে বয়স সংক্রান্ত বিষয়াদি

| বয়স | বিবরণ |
|---|---|
| ১৮ বছর | ভোটার হওয়ার যোগ্যতা |
| ২৫ বছর | সংসদ সদস্য ও প্রধানমন্ত্রী হওয়ার সর্বনিম্ন বয়স |
| ৩৫ বছর | রাষ্ট্রপতি হওয়ার সর্বনিম্ন বয়স |
| ৬৫ বছর | পিএসসি চেয়ারম্যান ও সদস্যদের অবসর গ্রহণের বয়স |
| ৬৭ বছর | সুপ্রিমকোর্টের বিচারপতিদের অবসর গ্রহণের বয়স |

### তফসিল

**প্রথম তফসিল** - অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন

**দ্বিতীয় তফসিল** - রাষ্ট্রপতি নির্বাচন (বিলুপ্ত)
[নোট: এই তফসিল দ্বাদশ সংশোধনীর মাধ্যমে বিলুপ্ত করা হয়।]

**তৃতীয় তফসিল** - শপথ ও ঘোষণা

**চতুর্থ তফসিল** - ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী

**পঞ্চম তফসিল** - ১৯৭১ সালের ৭ মার্চ তারিখে রেসকোর্স ময়দানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ঐতিহাসিক ভাষণ।

**৬ষ্ঠ তফসিল**- ১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাত ১২:৩০টায় অর্থাৎ ২৬ মার্চ রাত প্রথম প্রহরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতা ঘোষণা।

**সপ্তম তফসিল**- ১৯৭১ সালের ১০ এপ্রিল তৎকালীন মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র।

### সাংবিধানিক প্রতিষ্ঠান (Constitutional Bodies)

- নির্বাহী বিভাগ
- আইন বিভাগ
- বিচার বিভাগ
- নির্বাচন কমিশন
- সরকারী কর্ম কমিশন (PSC)
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়

### সাংবিধানিক পদসমূহ

১. রাষ্ট্রপতি
২. প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী
৩. স্পিকার, ডেপুটি স্পিকার
৪. সংসদ সদস্য
৫. প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি
৬. প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনার
৭. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
৮. সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ
৯. অ্যাটর্নি জেনারেল।

## বাংলাদেশের প্রথম

| | |
|---|---|
| অ্যাটর্নি জেনারেল | এম.এইচ. খন্দকার |
| প্রধান বিচারপতি | এ.এস.এম. সায়েম |
| প্রধান নির্বাচন কমিশনার | বিচারপতি মোহাম্মদ ইদ্রিস |
| সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান | ড. এ কিউ এম বজলুল করিম |
| মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক | ফজলে কাদের মো. আব্দুল বাকী |

## এক কথায় উত্তর

১. **বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১ম চেয়ারম্যান কে ছিলেন?**
**উত্তর:** ড. এ. কিউ. এম বজলুল করিম।

২. **বাংলাদেশের ১ম প্রধান বিচারপতি কে ছিলেন?**
**উত্তর:** এ. এস. এম সায়েম।

৩. **বাংলাদেশের সংবিধানে কয়টি তফসিল রয়েছে?**
**উত্তর:** ৭টি।

৪. **স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের কোন তফসিলে যুক্ত আছে?**
**উত্তর:** ৭ম।

৫. **খসড়া সংবিধান প্রণয়ন কমিটিতে একমাত্র বিরোধী দলীয় সদস্য কে ছিলেন?**
**উত্তর:** সুরঞ্জিত সেনগুপ্ত।

৬. **সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসর গ্রহণের বয়স সীমা কত?**
**উত্তর:** ৬৭ বছর।

৭. **হস্তলিখিত সংবিধানের মোট কত পৃষ্ঠা রয়েছে?**
**উত্তর:** ৯৩ পৃষ্ঠা।

৮. **বাংলাদেশ সংবিধানের ভাষা কয়টি?**
**উত্তর:** ২টি (বাংলা ও ইংরেজি)।

৯. **জাতীয় সংসদে সংবিধানের ১ম সংশোধনী উত্থাপন করেন কে?**
**উত্তর:** মনোরঞ্জন ধর।

১০. **বাংলাদেশের প্রথম প্রধান নির্বাচন কমিশনার কে?**
**উত্তর:** বিচারপতি মোহাম্মদ ইদ্রিস।

১১. **রাষ্ট্রপতির পদ, প্রধানমন্ত্রীর পদ কোন ধরনের পদ?**
**উত্তর:** সাংবিধানিক পদ।

১২. **আইন বিভাগ কোন ধরনের প্রতিষ্ঠান?**
**উত্তর:** সাংবিধানিক প্রতিষ্ঠান।

১৩. **সংবিধান প্রণয়ন কমিটিতে আওয়ামী লীগের কত সদস্য ছিলেন?**
**উত্তর:** ৩৩ জন।

১৪. **সংবিধানের কোন তফসিলটি দ্বাদশ সংশোধনী দ্বারা বিলুপ্ত হয়েছে?**
**উত্তর:** ২য় তফসিল।

১৫. **কতজন সদস্য নিয়ে বাংলাদেশের প্রথম গণপরিষদ গঠিত হয়?**
**উত্তর:** ৪০৩ জন।

১৬. **সংবিধানের কোন তিনটি অনুচ্ছেদ সংশোধনের জন্য গণভোটের প্রয়োজন হয়?**
**উত্তর:** ৮, ৪৮, ৫৬।

১৭. **সুপ্রীম কোর্ট কর্তৃক সংবিধানের কতটি সংশোধনী অবৈধ ও বাতিল ঘোষণা করা হয়?**
**উত্তর:** ৫টি (৫ম, ৭ম, ৮ম, ১৩তম ও ১৬তম)।

১৮. **কোন সংশোধনী অনুযায়ী ঢাকা জেলার বাইরে হাইকোর্টের ৬টি স্থায়ী বেঞ্চ স্থাপন করা হয়?**
**উত্তর:** ৮ম সংশোধনী।

## Teacher's Work

১. **নিচের কোনটি বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠান?**
ক) বাংলাদেশ আইন কমিশন খ) জাতীয় মানবধিকার কমিশন
গ) পাবলিক সার্ভিস কমিশন ঘ) বাংলাদেশ তথ্য কমিশন **গ**

২. **বাংলাদেশের সংবিধানের এখন পর্যন্ত কতটি সংশোধনী আনা হয়েছে?**
ক) ১৪ খ) ১৫ গ) ১৬ ঘ) ১৭ **ঘ**

৩. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে?**
ক) চতুর্থ খ) পঞ্চম গ) ষষ্ঠ ঘ) সপ্তম **খ**

৪. **ইসলামকে বাংলাদেশের রাষ্ট্রধর্ম ঘোষণা করা হয় কত সালে?**
ক) ১৯৭৬ খ) ১৯৭৭ গ) ১৯৮৭ ঘ) ১৯৮৮ **ঘ**

# Unique Question for Student Practice

১. বাংলাদেশের সংবিধান তৃতীয় সংশোধনী কবে গৃহীত হয়?
ক ২৩ নভেম্বর, ১৯৭৪ খ ২৪ ডিসেম্বর, ১৯৭২
গ ১২ জুন, ১৯৭৩ ঘ ৪ জুলাই, ১৯৭৪ ক

২. সংবিধানের চতুর্থ সংশোধনী গৃহীত হয়-
ক ২৩ জানুয়ারি, ১৯৭৫ খ ২৪ জানুয়ারি, ১৯৭৫
গ ২৫ জানুয়ারি, ১৯৭৫ ঘ ২৬ জানুয়ারি, ১৯৭৫ গ

৩. বঙ্গবন্ধু কবে জাতীয় সংসদে দাঁড়িয়ে দ্বিতীয় বিপ্লবের ডাক দিয়েছিলেন?
ক ২৫ জানুয়ারি, ১৯৭৫ খ ২৫ ফেব্রুয়ারি, ১৯৭৫
গ ২৭ মার্চ, ১৯৭৫ ঘ ২৫ এপ্রিল, ১৯৭৫ ক

৪. বাংলাদেশ সংবিধানের পঞ্চম সংশোধনী গৃহীত হয়-
ক ১৯৭৭ সালে খ ১৯৭৮ সালে গ ১৯৮০ সালে ঘ ১৯৭৯ সালে ঘ

৫. কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশের রাষ্ট্রপতি শাসিত শাসন ব্যবস্থা চালু করা হয়?
ক তৃতীয় খ চতুর্থ গ পঞ্চম ঘ দশম খ

৬. সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে রাষ্ট্র পরিচালনার মূল চারনীতি পরিবর্তন করা হয়?
ক চতুর্থ খ পঞ্চম গ সপ্তম ঘ অষ্টম খ

৭. বাংলাদেশ সংবিধানের পঞ্চম সংশোধনীর বিষয়বস্তু-
ক ইনডেমনিটি বিল খ সংসদীয়
গ রাষ্ট্রপতি ব্যবস্থা ঘ রাষ্ট্রধর্ম ক

৮. 'বাঙালি জাতীয়তাবাদের' পরিবর্তে 'বাংলাদেশী জাতীয়তাবাদ' প্রবর্তিত হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?
ক চতুর্থ খ পঞ্চম গ ষষ্ঠ ঘ সপ্তম খ

৯. ইসলামকে বাংলাদেশের রাষ্ট্রধর্ম ঘোষণা করা হয় কত সালে?
ক ১৯৭৬ খ ১৯৭৭ গ ১৯৮৭ ঘ ১৯৮৮ ঘ

১০. কততম সাংবিধানিক সংশোধনের মাধ্যমে সুপ্রিম কোর্টের বিকেন্দ্রায়ন করা হয়?
ক ৪র্থ সাংবিধানিক সংশোধন খ ৮ম সাংবিধানিক সংশোধন
গ ৬ষ্ঠ সাংবিধানিক সংশোধন ঘ ৭ম সাংবিধানিক সংশোধন খ

১১. বাংলাদেশে সংসদীয় গণতন্ত্রের উত্তরণ ঘটে কখন?
ক ৬ আগস্ট, ১৯৯১ খ ৬ আগস্ট, ১৯৯৯
গ ৭ আগস্ট, ১৯৯৯ ঘ ৮ আগস্ট, ১৯৯৯ ক

১২. বাংলাদেশে সর্বশেষ গণভোট অনুষ্ঠিত হয় কোন সালে?
ক ১৯৭৭ সালে খ ১৯৮১ সালে গ ১৯৮৮ সালে ঘ ১৯৯১ সালে ঘ

১৩. রেফারেন্ডাম সংক্রান্ত বিধান সংবিধানের কোন অনুচ্ছেদে রয়েছে?
ক প্রস্তাবনায় খ ১০ নং অনুচ্ছেদ
গ ৩ নং অনুচ্ছেদ ঘ রেফারেন্ডামের কোনো বিধান নেই ঘ

১৪. যুদ্ধাপরাধীদের বিচার সংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদটি হলো-
ক ৪৭ খ ২৫ গ ৩১ ঘ ৭০ ক

১৫. বাংলাদেশ সংবিধানের কোন সংশোধনীর দ্বারা ১৯৭২ সালের রাষ্ট্রীয় মূলনীতিগুলোকে পুনঃপ্রবর্তন করা হয়েছে?
ক পঞ্চম খ ত্রয়োদশ গ চতুর্দশ ঘ পঞ্চদশ ঘ

১৬. পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিধান বাংলাদেশের সংবিধানে কততম সংশোধনীর মাধ্যমে অন্তর্ভুক্ত করা হয়?
ক দশম খ দ্বাদশ গ ত্রয়োদশ ঘ পঞ্চদশ ঘ

১৭. নিচের কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান?
ক বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
খ অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
গ দুর্নীতি দমন কমিশন ঘ মানবাধিকার কমিশন খ

১৮. নিচের কোনটি সাংবিধানিক পদ নয়?
ক চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন
খ সিএজি (মহাহিসাব নিরীক্ষক জেনারেল)
গ চীফ ইলেকশন কমিশনার
ঘ চেয়ারম্যান ঢাকা শিক্ষা বোর্ড ঘ

১৯. বাংলাদেশের প্রথম প্রধান নির্বাচন কমিশনার-
ক বিচারপতি সাদেক খ এম ইদ্রিস
গ এটিএম মাসউদ ঘ বিচারপতি সাত্তার খ

২০. তত্ত্বাবধায়ক সরকারের আইন জাতীয় সংসদে কোন সালে বাতিল করা হয়?
ক ২০১০ খ ২০১১ গ ২০১২ ঘ ২০১৩ খ

২১. বাংলাদেশের বিচারপতিদের অভিশংসন ক্ষমতা সংসদের হাতে ন্যস্ত হয় সংবিধানের যে সংশোধনীতে-
ক ষোড়শ খ পঞ্চদশ গ ত্রয়োদশ ঘ চতুর্দশ ক

২২. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?
ক সরকারি কর্ম কমিশন খ জাতীয় মানবাধিকার কমিশন
গ নির্বাচন কমিশন ঘ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক খ

২৩. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?
ক নির্বাচন কমিশন খ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
গ পাবলিক সার্ভিস কমিশন ঘ রাষ্ট্রপতির কার্যালয় খ

২৪. বাংলাদেশের প্রথম বিচারপতি কে?
ক এ এন হামিদুল্লাহ খ এ এস এম সায়েম আহমেদ
গ কামরুল হাসান ঘ আবু হেনা মোস্তফা কামাল খ

২৫. চতুর্দশ সংশোধনী বিল কত জন সাংসদ হ্যাঁ ভোট প্রদান করে?
ক ২২২ জন খ ১২৫ জন গ ২২৬ জন ঘ ২২৮ জন গ

২৬. তত্ত্বাবধায়ক সরকারের আইনটি জাতীয় সংসদে কবে পাস করা হয়?
ক ২১ ফেব্রুয়ারি, ১৯৯১ খ ২২ ফেব্রুয়ারি, ১৯৯২
গ ২৭ মার্চ, ১৯৯৬ ঘ ২৮ এপ্রিল, ১৯৯৭ গ

২৭. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী কবে গৃহীত হয়?
ক ১৯৭২ সালে খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে ঘ ১৯৭৫ সালে খ

২৮. বাংলাদেশের সংবিধানের 'পঞ্চম সংশোধনী মামলা' নামে বহুল পরিচিত মামলাটি পক্ষগণ-
ক Bangladesh Italian Marble works Ltd. vs Govt. of Bangladesh and others
খ Anwar Hossain vy Bangladesh
গ Jafar Ali Shah vs Owner of Moon Cinema
ঘ Auruna Sen vs Bangladesh and other ক

২৯. কার শাসনামলে সংবিধানের পঞ্চম সংশোধনী বিল পাস হয়?
ক শেখ মুজিবুর রহমান খ জিয়াউর রহমান
গ এইচ এম এরশাদ ঘ বেগম খালেদা জিয়া খ

৩০. জরুরী অবস্থা জারির বিধান সংবিধানে সন্নিবেশিত হয়-
ক প্রথম সংশোধনীতে খ দ্বিতীয় সংশোধনীতে
গ তৃতীয় সংশোধনীতে ঘ চতুর্থ সংশোধনীতে খ

৩১. কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত শাসনব্যবস্থা চালু করা হয়?
ক তৃতীয় খ চতুর্থ গ পঞ্চম ঘ দশম খ

৩২. বাংলাদেশের সংবিধানের তৃতীয় তফসিলে কয়টি পদে নির্বাচিত বা নিযুক্ত ব্যক্তির শপথগ্রহণ বা ঘোষণাপত্র পাঠের বিষয় উল্লেখ আছে?
ক ৭ খ ৮ গ ৯ ঘ ১০ গ

৩৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির শপথ বাক্য পাঠ করান কে?
ক প্রধান বিচারপতি খ আপীল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি
গ প্রধানমন্ত্রী ঘ স্পিকার ঘ

৩৪. বাংলাদেশের প্রধানমন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান—
ক রাষ্ট্রপতি খ স্পিকার
গ প্রধান বিচারপতি ঘ প্রধান নির্বাচন কমিশনার ক

৩৫. 'The Proclamation of Independence'- সংবিধানের কোন তফসিলে সন্নিবেশিত হয়েছে?
ক ৪র্থ খ ৫ম গ ৬ষ্ঠ ঘ ৭ম গ

# Home Work

১. বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগ দেন? [৪৬ তম বিসিএস]
ক ৯৫ খ ৯৬
গ ৯৭ ঘ ৯৮ ক

২. ঐতিহাসিক ৭মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে আছে? [৪৫তম বিশেষ বিসিএস]
ক চতুর্থ তফসিল খ পঞ্চম তফসিল
গ ষষ্ঠ তফসিল ঘ সপ্তম তফসিল খ

৩. সংবিধানের চেতনার বিপরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে কোন তফসিলের অপব্যবহার করা হয়? [৪১তম বিসিএস]
ক ৪র্থ তফসিল খ ৫ম তফসিল
গ ৬ষ্ঠ তফসিল ঘ ৭ম তফসিল ক

৪. বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় কী ছিল? [৪১তম বিসিএস]
ক বহুদলীয় ব্যবস্থা খ বাকশাল প্রতিষ্ঠা
গ তত্ত্বাবধায়ক সরকার ঘ সংসদে মহিলা আসন গ

৫. সংবিধানের কোন সংশোধনকে 'first distortion of constituion' বলে আখ্যায়িত করা হয়? [৪০তম বিসিএস]
ক ৫ম সংশোধন খ ৪র্থ সংশোধন
গ ৩য় সংশোধন ঘ ২য় সংশোধন ক

৬. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে? [৪০তম বিসিএস, পিএসসি নন-ক্যাডার, সহকারী কাস্টোডিয়ান/ গবেষণা সহকারী-'২৩,পিএসসি নন-ক্যাডার, সহকারী কাস্টোডিয়ান /গবেষণা সহকারী-'২৩]
ক চতুর্থ তফসিল খ পঞ্চম তফসিল
গ ষষ্ঠ তফসিল ঘ সপ্তম তফসিল খ

৭. স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের কততম তফসিলে সংযোজন করা হয়েছে? [৪০তম বিসিএস]
ক চতুর্থ খ পঞ্চম গ ষষ্ঠ ঘ সপ্তম গ

৮. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে রদ করা হয়েছে? [৩৭,৩৬তম বিসিএস]
ক ১৪তম খ ১৫তম
গ ১৬তম ঘ ১৭তম খ

৯. বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা চালু হয় সংবিধানের কত নম্বর সংশোধনীর মাধ্যমে? [২০তম বিসিএস/১৬তম বিসিএস]
ক ১০ খ ১১ গ ১২ ঘ ১৩ গ

১০. বাংলাদেশের সংবিধানে এখন পর্যন্ত কতটি সংশোধনী আনা হয়েছে? (৩৩তম বিসিএস)
ক ১৭ খ ১৬ গ ২০ ঘ ১৯ ক

১১. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্র নারী, শিশু বা অনগ্রসর নাগরিকদের অগ্রগতির জন্য বিধান তৈরির ক্ষমতা পায়? (২১তম বিসিএস)
ক ২৫ খ ২৮ গ ৪০ ঘ ৪২ খ

১২. বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে পুনঃপ্রবর্তিত হয়? (২০তম বিসিএস)
ক অষ্টম খ নবম
গ একাদশ ঘ দ্বাদশ ঘ

১৩. সংবিধানের কত অনুচ্ছেদ অনুসারে সংবিধান সংশোধন করা হয়? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, মিটার রিডার-'২৩, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-'২৩]
ক ১৪২ খ ১৪৪ গ ১৪৮ ঘ ১১৫ ক

১৪. বাংলাদেশের সংবিধানে এখন পর্যন্ত কতটি সংশোধনী আনা হয়েছে? [স.অ.(ইউনিয়ন সমাজকর্মী)'২২]
ক জরুরি অবস্থা ঘোষণা
খ মহিলাদের জন্য সংসদের আসন সংরক্ষণ
গ সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা
ঘ ৯৩ হাজার যুদ্ধবন্দির বিচার অনুষ্ঠান ঘ

১৫. বাংলাদেশের সংবিধানের কোন সংশোধনীতে সংরক্ষিত মহিলা আসন ৪৫ থেকে বৃদ্ধি করে ৫০ করা হয়? [বি.ম.(প্রশাসনিক কর্মকর্তা)'২২]
ক সপ্তদশ সংশোধনী খ পঞ্চদশ সংশোধনী
গ দ্বাদশ সংশোধনী ঘ নবম সংশোধনী খ

১৬. বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ সংশোধনের ক্ষমতা সংবিধানের কত অনুচ্ছেদে দেয়া আছে? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, সহকারী শিক্ষক-'২৩]
ক ১৪১ খ ১৪১(ক)
গ ১৪২ ঘ ১৪৫ গ

১৭. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে? [বাংলাদেশ সুপ্রিমকোর্ট (হাইকোর্ট বিভাগ), প্রটোকল অফিসার-'২৩]
ক ১৪৮ খ ১৫০
গ ১৫২ ঘ ১৫৩ ঘ

১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে অন্তর্ভুক্ত? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-'২৩; সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, জুনিয়র শিক্ষক-'২৩; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, মিটার রিডার-'২৩; পি.এস.সি. (সিনিয়র স্টাফ নার্স)'২৩; পো.জে.উ. (রাজশাহী (উচ্চমান সহকারী)'২২]
ক ৫ম খ ৬ষ্ঠ
গ ৭ম ঘ ৯ম ক

১৯. বাংলাদেশের প্রধানমন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান- [আইন, বিচার ও সংস.মন্ত্র.সহ.সচিব (ড্রাফটিং)-০৫]
ক রাষ্ট্রপতি খ স্পীকার
গ প্রধান বিচারপতি ঘ প্রধান নির্বাচন কমিশনার ক

২০. বাংলাদেশের সংবিধানে মোট কয়টি তফসিল আছে? [শি.দি.প্র. (শিক্ষক) (স্কুল)'২২]
ক ৭টি খ ৮টি
গ ৫টি ঘ ৬টি ক

২১. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়? [প.প.অ. (সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা)'২২]
ক সুপ্রিম কোর্ট খ নির্বাচন কমিশন
গ দুর্নীতি দমন কমিশন ঘ পাবলিক সার্ভিস কমিশন গ

২২. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান? [বা.প.উ.বো.(হিসাবরক্ষক)'২২]
ক দুর্নীতি দমন কমিশন
খ বাংলাদেশ সরকারি কর্মকমিশন
গ তথ্য কমিশন
ঘ বাংলাদেশ এনার্জী রেগুলেটরী কমিশন খ

২৩. 'বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন' একটি- [পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক সরকারি সংস্থা খ বেসরকারি সংস্থা
গ সংবিধিবদ্ধ সংস্থা ঘ সাংবিধানিক সংস্থা গ

# Class Test

১. সংবিধানের কোন অনুচ্ছেদে সংবিধান সংশোধনের বিধান আছে?
ক ৮০ খ ৯৩
গ ১৪২ ঘ ১৫০

২. বাংলাদেশে রাষ্ট্রধর্ম ইসলাম কোন সংশোধনীর মাধ্যমে প্রবর্তন করা হয়?
ক ৭ম খ ৮ম
গ ৯ম ঘ ১০ম

৩. সংবিধানের কোন অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন গঠনের উল্লেখ আছে–
ক ১৩০ খ ১৩১
গ ১৩৭ ঘ ১৪০

৪. বাংলাদেশের সংবিধানে আইনের ব্যাখ্যা দেয়া হয়েছে কোন অনুচ্ছেদে?
ক ১৪২ খ ১২২
গ ১৫২ ঘ ১১২

৫. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে রদ করা হয়েছে?
ক ১২তম খ ১৩তম
গ ১৪তম ঘ ১৫তম

৬. সরকারি কর্ম কমিশনের সদস্যদের শপথ বাক্য পাঠ করান কে?
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি
গ প্রধান বিচারপতি ঘ স্পিকার

৭. বাংলাদেশে মন্ত্রিপরিষদকে শপথ পাঠ করান–
ক প্রধান বিচারপতি খ রাষ্ট্রপতি
গ প্রধানমন্ত্রী ঘ স্পিকার প্রধান

৮. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী কবে গৃহীত হয়?
ক ১৯৭২ সালে
খ ১৯৭৩ সালে
গ ১৯৭৪ সালে
ঘ ১৯৭৫ সালে

৯. জরুরি অবস্থা জারি বিধান সংবিধানের সন্নিবেশিত হয়-
ক প্রথম সংশোধনীতে
খ দ্বিতীয় সংশোধনীতে
গ তৃতীয় সংশোধনীতে
ঘ চতুর্থ সংশোধনীতে

১০. বাংলাদেশ সংবিধানের অষ্টম সংশোধনী হয় কখন?
ক ৭ জানুয়ারি, ১৯৮৮
খ ৭ জুন, ১৯৮৮
গ ১ জুলাই, ১৯৮৮
ঘ ১ ডিসেম্বর, ১৯৮৮

উত্তরমালা

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | খ |
| ৩ | গ |
| ৪ | গ |
| ৫ | ঘ |
| ৬ | গ |
| ৭ | খ |
| ৮ | খ |
| ৯ | খ |
| ১০ | খ |

এই Lecture Sheet পড়ার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর 'বাংলাদেশ বিষয়াবলি' অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।

